# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-05-2025 Time: 7.35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) অপারেশন সিন্দুরের প্রেক্ষাপটে সন্ত্রাসবাদ মোকাবিলায় ভারতের অবস্থান বিশ্বমঞ্চে তুলে ধরতে কেন্দ্রীয় সরকার ৭ টি সর্বদলীয় প্রতিনিধি দল বিভিন্ন দেশে পাঠাচ্ছে।

২) সরকারি কর্মচারীদের বকেয়া ২৫ শতাংশ মহার্ঘ্য ভাতা আগামী ৬ সপ্তাহের মধ্যে রাজ্য সরকারকে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৩) নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখতে তথ্য প্রযুক্তির ব্যবহারের ওপর জোর দিচ্ছে নির্বাচন কমিশন। গতকাল কলকাতায় আধিকারিকদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে।

৪) অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় আসছে শিয়ালদা ডিভিশনের ১৮ টি স্টেশন।

৫) ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার কারণে রাজ্যের সব জায়গায়তেই বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির পূর্বাভাস।

৬) কলকাতা নাইট রাইডার্স এবারারে আইপিএল ক্রিকেট প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে।

---------------------------------------------------------------------------------

অপারেশন সিঁদুরের প্রেক্ষাপটে ও সীমান্ত পারের সন্ত্রাসবাদ মোকাবিলায় ভারতের কঠোর অবস্থান আন্তর্জাতিক মঞ্চে আরও জোরদারভাবে তুলে ধরতে কেন্দ্রীয় সরকার সাতটি সর্বদলীয় প্রতিনিধি দল বিভিন্ন দেশে পাঠাচ্ছে। প্রতিটি দলে বিভিন্ন রাজনৈতিক দলের সাংসদ, কূটনীতিক এবং অভিজ্ঞ রাজনৈতিক ব্যক্তিত্বরা থাকবেন।

---------------------

এদিকে, সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু এক সোশ্যাল মিডিয়া পোস্টে সাতটি সর্বদলীয় প্রতিনিধি দলের সফরসূচি ও সাংসদদের নাম ঘোষণা করেছেন।

বিজেপি সাংসদ বৈজয়ন্ত পান্ডার নেতৃত্বে প্রথম দলটি সৌদি আরব, বাহারিন,কুয়েত এবং আলজেরিয়া সফর করবেন। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন, বিজেপির নিশীকান্ত দুবে এবং AIMIM এর সাংসদ আসাদুদ্দীন ওয়েসী।

বিজেপি সাংসদ রবি শঙ্কর প্রসাদের নেতৃত্বে দ্বিতীয় দলটি যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, ইউরোপিয় ইউনিয়ন, ইতালি এবং ডেনমার্ক সফর করবেন।

তৃতীয় দলের নেতৃত্ব দেবেন জেডিইউ সাংসদ সঞ্জয় কুমার ঝা। এই দলটি ইন্দোনেশিয়া,মালায়েশিয়া,দক্ষিণ কোরিয়া,জাপান এবং সিঙ্গাপুর সফর করবেন। এই দলের অনান্য সদস্যরা হলেন,সিপিআইএমের জন ব্রিৎৎস এবং তৃণমূল কংগ্রেসের ইউসুফ পাঠান।

শিবসেনা সাংসদ শ্রীকান্ত একনাথ সিন্ডের নেতৃত্বে চতুর্থ দলটি সংযুক্ত আরব আমিরশাহী,লিবেরিয়া,কঙ্গো এবং সিয়েরা লিওঁ সফর করবেন। এই প্রতিনিধি দলে থাকছেন বিজেপি সাংসদ বাঁশুরী স্বরাজ এবং বিজেডির সস্মিত পাত্র।

পঞ্চম দলের নেতৃত্ব দেবেন কংগ্রেসের সাংসদ শশী থারুর। এই দলটি মার্কিন যুক্তরাষ্ট্র, পানামা, গায়না, ব্রাজিল এবং কলম্বিয়া সফর করবেন।

ডিএমকে সাংসদ কানিমোড়ি করুনানিধির নেতৃত্বে ষষ্ঠ দলটি স্পেন, গ্রীস, স্লোভানিয়া, লাটভিয়া এবং রাশিয়া সফরে যাবে।

সপ্তম দলের নেতৃত্ব দেবেন এনসিপি (এসসিপি শরদ পাওয়ার গোষ্ঠীর) সাংসদ সুপ্রিয়া শুলে। দলটি মিশর, কাতার, ইথিওপিয়া এবং দক্ষিণ আফ্রিকা সফরে যাবে। এই দলের অন্যান্য সদস্যরা হলেন বিজেপি সাংসদ রাজীব প্রতাপ রুডী এবং অনুরাগ সিং ঠাকুর। কংগ্রেস সাংসদ মনীশ তিওয়ারিও এই দলে থাকছেন।

---------------------

পহেলগাঁওয়ে সাধারণ মানুষের উপর জঙ্গিদের নৃশংস হত্যাকাণ্ডের বিরুদ্ধে ভারত যোগ্য জবাব দিয়েছে, বলে উল্লেখ করেছেন এভারেস্ট, কাঞ্চনজঙ্ঘা জয়ী অর্জুন সম্মানে ভূষিত পর্বতারোহী দেবাশীষ বিশ্বাস। আকাশবাণীকে তিনি বলেন, অপারেশন সিন্দুর প্রমাণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে আগামী প্রজন্মের কাছে একটি শক্তিশালী ভারত আমরা উপহার রেখে যেতে পারবো।

বাইট দেবাশীষ বিশ্বাস।

---------------------

স্পটলাইট অনুষ্ঠানে এবারের বিষয় ‘অপারেশন সিন্দুর’-এর সাফল্য। আলোচনায় অংশ নিয়েছেন সেনাবাহিনীর প্রাক্তন কর্নেল সব্যসাচী বাগচী এবং বিমানবাহিনীর প্রাক্তন আধিকারিক শ্যামল ভট্টাচার্য। সাক্ষাৎকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনতে পাবেন সাক্ষাৎকার নিয়েছেন প্রচারতরঙ্গে আজ রবিবার রাত আটটা বেজে ৩০ মিনিটে। একই সঙ্গে আকাশবানী সংবাদের সব সোশ্যাল মিডিয়া পেজে অনুষ্ঠানটি একযোগে প্রচারিত হবে।

----------------------

অপারেশন সিন্দুরের সাফল্য উদযাপন এবং সেনাবাহিনীকে সম্মান জানিয়ে রাজ্যের বিভিন্ন অংশে বিজেপির তিরঙ্গা যাত্রা চলেছে।

নদীয়ার কৃষ্ণনগরে চ্যালেঞ্জ মোড়ে এই কর্মসূচীতে অংশ নেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। তিনি সেনাবাহিনীর জওয়ানদের শৌর্য্যের প্রশংসা করেন।

উত্তর ২৪ পরগণার বনগাঁয় তিরঙ্গা যাত্রায় নেতৃত্ব দেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। বনগাঁর জয়ন্তীপুর বাজারে শুরু হয়ে মিছিল শেষ হবে পেট্রোপোল নো ম্যানস ল্যান্ডে। শান্তনু ঠাকুর বলেন, ভারতীয় সেনার পরাক্রমে সকলে গর্বিত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং যথার্থ ভাবে অপারেশন সিঁদুরের নেতৃত্ব দিয়েছেন যার ফলে পাকিস্তান সমুচিত জবাব পেয়েছে।

বাইট

----------------------

সরকারি কর্মচারীদের বকেয়া ২৫ শতাংশ মহার্ঘ ভাতা আগামী ৬ সপ্তাহের মধ্যে রাজ্য সরকারকে মিটিয়ে দিতে হবে বলে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে। সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জয় করোল ও বিচারপতি মনোজ মিশ্রের ডিভিশন বেঞ্চ এই রায় দিয়েছেন।

উল্লেখ্য কতদিনের মধ্যে এই মহার্ঘ ভাতা মিটিয়ে দিতে হবে তা নিয়ে বিভিন্ন সরকারি কর্মচারী সংগঠনের মধ্যে বিভ্রান্তি তৈরি হয়েছিল।

----------------------

বিকাশ ভবনের সামনে চাকরি হারা শিক্ষকদের অবস্থান আন্দোলন আজও চলছে। ঝড়, বৃষ্টির মধ্যেই খোলা আকাশের নিচে গতরাত কাটিয়েছেন চাকরিহারারা। কয়েকজন শিক্ষিকা শিশু সন্তানদের নিয়েই রাস্তায় বসে এই কর্মসূচিতে শামিল হয়েছেন। ঈশিতা রায় নামে অন্তঃসত্ত্বা এক শিক্ষিকাও ওই কর্মসূচিতে রাস্তাতেই দিনরাত কাটাচ্ছেন। মুখ্যমন্ত্রী অথবা শিক্ষামন্ত্রী হস্তক্ষেপ না করলে আন্দোলন প্রত্যাহার করবেন না বলে জানিয়েছেন চাকরি হারানো শিক্ষক শিক্ষিকারা। এই আন্দোলনের পাশে দাঁড়াতে আজ ওই অবস্থান মঞ্চে যাবেন দৃষ্টিহীন শিক্ষকরাও।

সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশন আগামী সপ্তাহেই দাখিল করা হতে পারে বলে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে জানা গেছে। উল্লেখ্য গতকাল শিক্ষক শিক্ষিকাদের আন্দোলনের প্রতি সহমর্মিতা জানাতে মিছিল করে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা। পুলিশ কর্মীদের গোলাপ ও পেন দিয়ে প্রতীকী প্রতিবাদ জানায় পড়ুয়ারা।

----------------------

মুখ্যমন্ত্রী ও শাসকদলের জন্য রাজ্যের শিক্ষকদের ভবিষ্যৎ আগামীদিনে আরও খারাপ হতে চলেছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতসন্ধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, রাজ্য সরকার বারবার চাকরিহারা প্রার্থীদের বোকা বানিয়েছে। সুপ্রিম কোর্টের নির্দেশ কখনোই পরিবর্তন করা সম্ভব নয়।

বাইট

চাকরি হারা প্রার্থীদের নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে ডেকে মুখ্যমন্ত্রী নাটক করেছিলেন কেন রাজ্য সভাপতি সে বিষয়ে প্রশ্ন তোলেন।

চাকরিহারা শিক্ষকদের ওপর পুলিশের লাঠিচার্জের সমালোচনা করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী।

বাইট

---------------------

বিকাশ ভবনের সামনে চাকরীহারা শিক্ষক-শিক্ষিকাদের ওপর পুলিশের লাঠিচার্জে অসন্তোষ প্রকাশ করেছেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ আরও সংবেদনশীল হতে পারতো বলে মন্তব্য করেন বিমান বাবু। পাশাপাশি বিকাশভবনের গেটের তালা ভেঙে ফেলাকেও তিনি সমর্থন করতে পারেন না বলে জানিয়েছেন।

চাকরীহারা শিক্ষকদের ওপর পুলিশি লাঠিচার্জের প্রতিবাদ সহ একাধিক দাবিতে প্রদেশ যুব কংগ্রেস গতকাল কলকাতায় রাজভবন অভিযান করে। যুব কংগ্রেসের সহ সভানেত্রী সাহিনা জাভেদের নেতৃত্বে মিছিল ধর্মতলা থেকে রাজভবনের দিকে এগিয়ে গেলে পুলিশ ব্যারিকেড করে তাদের আটকে দেয়। শুরু হয় বাকবিতন্ডা। ৫৬ জন যুব কংগ্রেস কর্মীকে আটক করা হয়েছে বলে দলীয় সূত্রে জানানো হয়েছে। পুলিশের ব্যাপক লাঠি চার্জের প্রতিবাদে কংগ্রেস গতকাল কলকাতায় বিক্ষোভ মিছিল করেছে। প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবন থেকে মিছিল মৌলালি পর্যন্ত যায়।

---------------------

ভিসার মেয়াদ পেরিয়ে গেলেও এদেশে বসবাস করার অভিযোগে হুগলীর ডানকুনি থেকে এক বাংলাদেশি নাগরিককে গ্রেপ্তার করেছে পুলিশ। মহম্মদ সাহাদাদ হোসেন নামে বাংলাদেশের সাতক্ষীরার বাসিন্দা ঐ ব্যক্তি তিন মাসের ট্যুরিস্ট ভিসায় ভারতে

আসেন। ডানকুনির মনোহরপুরে ঐ বাংলাদেশী ভাড়া বাড়িতে থাকত। গোয়েন্দা তত্যের ভিত্তিতে গতকাল তাকে গ্রেপ্তার করে পুলিশ। গতকাল আদালতে তোলা হয় তাকে।

---------------------

কনকাষ্ট ষ্টীলের বারোহাজার কোটি টাকার আর্থিক তছরূপের অভিযোগে, ইউকো ব্যাঙ্কের প্রাক্তন সিএমডি সুবোধ কুমার গোয়েল কে গতকাল ট্রানজিট রিম্যান্ডে কলকাতায় নিয়ে আসা হয়েছে। গতকালই তাকে ব্যাঙ্ক শাল আদালতে তোলা হলে একুশে মে পর্যন্ত সুবোধ কুমার গোয়েল এর জেল হেফাজত হয়।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২২ মে অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় যে একশো তিনটি স্টেশন জাতির উদ্দেশে উৎসর্গ করবে তারমধ্যে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কল্যানী ঘোষ পাড়া স্টেশন রয়েছে। ইতিমধ্যে ওই স্টেশনের আধুনিকীকরণের সব কাজ প্রায় শেষ। স্টেশনের সমস্ত উন্নয়ন মূলক কাজ পরিদর্শনের পর আজ শিয়ালদা ডিভিশনের বরিষ্ঠ জন সংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী বলেন, শিয়ালদা ডিভিশনের মোট ১৮ টি স্টেশন কে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে।

---------------------

ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার কারনে আজ ও আগামী কয়েক দিন রাজ্যের সব জায়গাতেই বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন, অক্ষরেখাটি উত্তরবঙ্গের ওপরে থাকার কারণে উত্তরের চার জেলা দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহারে বৃষ্টির পরিমাণ বেশি থাকবে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতেও আগামী ৩-৪ দিন

দমকা হাওয়া সহ বজ্রবিদ্যুত ও বৃষ্টিপাতের সম্ভাবনা। বৃষ্টিপাতের প্রকোপ বেশি থাকবে পূর্ব বর্ধমানে।

---------------------

কলকাতা নাইট রাইডার্স চলতি আইপিএলে প্লে অফের দৌড় থেকে ছিটকে গেছে। ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে গতকাল সন্ধ্যায় কলকাতা নাইট রাইডার্স ও রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মধ্যে ম্যাচটি বৃষ্টির কারণে পরিত্যক্ত ঘোষিত হওয়ায় কলকাতার প্লে অফে যাওয়ার সম্ভাবনা শেষ হয়ে যায়। লাগাতার বৃষ্টির কারণে এদিন ম্যাচে টসই করা যায়নি। রাত ১০ টা ২৫ নাগাদ ম্যাচ বাতিলের সিদ্ধান্ত নেন আম্পায়াররা। ম্যাচ বাতিল হওয়ায় দুই দলই এক পয়েন্ট করে সংগ্রহ করেছে। ১৩ ম্যাচে ১২ পয়েন্ট সংগ্রহ করে কেকেআর লিগ তালিকায় ষষ্ঠ স্থানেই রইলো। ১২ ম্যাচে ১৭ পয়েন্ট সংগ্রহ করে আরসিবি লিগ তালিকায় শীর্ষে উঠে এসেছে। প্লে অফে যাওয়ার দৌড়ে অনেকটাই এগিয়ে গেলো তারা।

--------------------- ---------------------